

## পরিপত্র

বিষয়ঃ অনলাইনে বেতন নির্ধারণ ব্যাতিরেকে বেতন প্রদান সাময়িকভাবে বন্ধ রাখা প্রসঙ্গে


জাতীয় বেতন স্কেল ২০১৫-এর আদেশ গেজেট আকারে প্রকাশের পর সকল সরকারি চাকুরিজীবির জন্য বাধ্যতামূলকভাবে অনলাইনে বেতন নির্ধারণ (Pay fixation) ব্যবস্থার প্রচলন করা হয়েছে, যার মাধ্যমে সকল সরকারি চাকুরিজীবির বেতন ও অন্যান্য তথ্য সম্বলিত একটি নির্ভুল ডাটাবেজ প্রস্তুত হচ্ছে। এ ডাটাবেজ ব্যবহার করে সরকারি চাকুরিজীবীদের জন্য একটি আধুনিক তথ্যপ্রযুক্তি নির্ভর Payroll Management System প্রণয়নের কাজ চলমান রয়েছে যার মাধ্যমে বেতন-ভাতা নির্ধারিত ব্যাংক একাউন্টে যথাসময়ে প্রেরণ, স্বয়ংক্রিয়ভাবে শেষ বেতনের প্রত্যয়নপত্র (এল.পি.সি) প্রণয়ন, বেতন-ভাতা সংক্রান্ত সরকারি ব্যয়ের নির্ভুল হিসাবায়ন, অবসরের যাওয়া কর্মচারীগণের পেনশন প্রস্তাব দ্রুত নিষ্পত্তিকরণ ইত্যাদি কার্যক্রম আরো দক্ষতার সাথে সম্পন্ন করা সম্ভব হবে। এটি সফলভাবে বাস্তবায়িত হলে একদিকে যেমন সরকারের আর্থিক ব্যবস্থাপনা ও মানবসম্পদ ব্যবস্থাপনার মান উন্নত হবে, অপরদিকে সরকারি কর্মচারীগণও উন্নততর সেবা পাবেন।

০২। অনলাইনে বেতন নির্ধারণের ব্যবস্থাটি গত ১৫ ডিসেম্বর, ২০১৫ হতে চালু রয়েছে এবং অধিকাংশ সরকারি কর্মচারি এ সুবিধাটি গ্রহণ করে সফলভাবে অনলাইনে তাদের বেতন নির্ধারণ করেছেন ও নতুন স্কেলে বেতন আহরণ করেছেন। তবে, জাতীয় পরিচয়পত্রের তথ্যগত ভুল সংশোধন ও অন্যান্য বিভিন্ন কারণে এখনো স্বল্পসংখ্যক কর্মচারি অনলাইনে বেতন নির্ধারণ করেননি। নতুন স্কেলে বেতন নির্ধারণ করতে না পারায় এসকল কর্মচারি এখনো জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুসারে বেতন গ্রহণ করেছেন। কিন্তু শতভাগ কর্মচারির নতুন স্কেলে বেতন নির্ধারণ না হওয়ায় প্রণীত ডাটাবেজটি অসম্পূর্ণ রয়ে যাচ্ছে, যা গুরুত্বপূর্ণ কিছু সংস্কার কাজকে বাধাগ্রস্ত করছে।

০৩। এ প্রেক্ষাপটে, দ্রুততম সময়ের মধ্যে সকল সরকারি কর্মচারির অনলাইনে বেতন নির্ধারণ নিশ্চিত করতে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে:

- ক) যেসকল সরকারি কর্মচারি জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুসারে এখনো অনলাইনে বেতন নির্ধারণ করেননি তাদের সকলকে আগামী ২০ জুলাই, ২০১৬ তারিখের মধ্যে বাধ্যতামূলকভাবে অনলাইনে বেতন নির্ধারণ সম্পন্ন করতে হবে।
- খ) যেসকল সরকারি কর্মচারি এ নির্ধারিত সময়সীমার মধ্যে অনলাইনে বেতন নির্ধারণ করতে ব্যর্থ হবেন তাদের অনুকূলে বেতন পরিশোধ আগামী জুলাই ২০১৬ (যা ১ আগস্ট ২০১৬ তারিখে প্রদেয়) হতে সাময়িকভাবে স্থগিত থাকবে;
- গ) যেসকল কর্মচারির জাতীয় পরিচয়পত্র নেই এবং বর্তমান কর্মস্থল হতে জাতীয় পরিচয়পত্রের জন্য আবেদন করার সুযোগ নেই, তারা যাতে কর্মস্থল হতে ছুটি নিয়ে জাতীয় পরিচয়পত্রের জন্য আবেদন করতে পারেন সে বিষয়টি তাদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ নিশ্চিত করবেন;
- ঘ) যাদের বেতন পরিশোধ স্থগিত থাকবে, তারা পরবর্তীতে সফলভাবে অনলাইনে বেতন নির্ধারণ সম্পন্ন করলে যথানিয়মে বকেয়া বেতন প্রাপ্য হবেন।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
তারিখঃ ৯/৫/২০১৬  
(মোহাম্মদ মুসলিম চৌধুরী)  
অতিরিক্ত সচিব (বাজেট-১)  
☎ ৯৫১১০৫০

## কৃষিই সমৃদ্ধি


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ঢাকা।  
[www.dae.gov.bd](http://www.dae.gov.bd)

স্মারক নং- ৪৭০৯ (৫২)

তারিখঃ- ২৫/৫/১৩

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। পরিচালক  
.....উইং  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ঢাকা।
- ২। অতিরিক্ত পরিচালক  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
.....অঞ্চল, .....।
- ৩। প্রকল্প পরিচালক  
.....প্রকল্প।  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ঢাকা।



(ড. মোঃ আঃ ছালাম)  
উপ পরিচালক (প্রশাসন)  
পক্ষেঃ মহাপরিচালক  
ফোনঃ ৯১২৫০৫৩

